

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা
www.bpatc.org.bd

বিষয়: মুজিব বর্ষ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নিজের লেখা জীবনীভিত্তিক বই এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রচিত বই পড়ার উপর উদ্বুদ্ধকরণ সভার কার্যবিবরণী।


সভাপতি : খোন্দকার আজিম আহমেদ, এমডিএস (এমঅ্যান্ডডি)
তারিখ : ১৮/১১/২০২০খ্রি.
সময় : সকাল ১০:০০ মিনিট
সভার স্থান : এমডিএস (এমঅ্যান্ডডি) এর দপ্তর
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সংযুক্ত

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করা হয়। সভায় মুজিব বর্ষ উপলক্ষে কেন্দ্রের অনুষদ সদস্যদের মাঝে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধুর উপর বই পড়ার বিষয়ে উৎসাহিত করার বিষয়ে আলোচনা হয়। সভাপতি তার সূচনা বক্তব্যে বলেন যে, এটি একটি নতুন ইনোভেশন। বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রচিত বই পড়ার মাধ্যমে কেন্দ্রের অনুষদগণ জাতির পিতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কে জ্ঞান অর্জন করতে পারবেন এবং তাদের অর্জিত জ্ঞান ছড়িয়ে দিতে পারবেন। উপস্থিত অন্যান্য অনুষদ সদস্যবর্গ এ বিষয়ে আলোচনায় অংশ নেন। আলোচনায় ১৬ আগস্ট ২০২০ তারিখে অনুষ্ঠিত মুজিব বর্ষ সচিবালয় কর্তৃক আয়োজিত সভার সিদ্ধান্তসমূহের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট অনুষদ সদস্যবর্গের পঠিত বই এর উপর গুপ ভিত্তিক সেমিনার আয়োজন ও সংশ্লিষ্ট আনুষঙ্গিক বিষয়ে বিস্তারিত আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র.নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	মুজিব বর্ষের বই পড়া: ১ম সেমিনার	বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বই 'অসমাপ্ত আত্মজীবনী' বই পড়ার সাথে সংযুক্ত অনুষদ সদস্যবর্গ ও 'কারাগারের রোজনাচা' বই পড়ার সাথে সংযুক্ত অনুষদ সদস্যবর্গ এই দুই গ্রুপের সমন্বয়ে আগামী ০৩/১২/২০২০ তারিখে সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এতদসংক্রান্ত বাজেট ও অন্যান্য বিষয়ে মুজিব বর্ষ সচিবালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মুজিব বর্ষ সচিবালয় ও 'অসমাপ্ত আত্মজীবনী' ও 'কারাগারের রোজনাচা' বই পড়ার সাথে সংযুক্ত অনুষদ সদস্যবর্গ।
২.	মুজিব বর্ষের বই পড়া: ২য় সেমিনার	বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বই 'আমার দেখা নয়াচীন' বই পড়ার সাথে সংযুক্ত অনুষদ সদস্যবর্গ, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রচিত 'শেখ মুজিব আমার পিতা' বই পড়ার সাথে সংযুক্ত অনুষদ সদস্যবর্গ ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রচিত বই 'শেখ হাসিনা রচনা সমগ্র' বই পড়ার সাথে সম্পৃক্ত অনুষদ সদস্যবর্গ এই তিন গ্রুপের সমন্বয়ে আগামী ১৬/১২/২০২০ তারিখে ২য় সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এতদসংক্রান্ত বাজেট ও অন্যান্য বিষয়ে মুজিব বর্ষ সচিবালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মুজিব বর্ষ সচিবালয় ও 'আমার দেখা নয়াচীন', 'শেখ মুজিব আমার পিতা' ও 'শেখ হাসিনা রচনা সমগ্র' বই পড়ার সাথে সংযুক্ত অনুষদ সদস্যবর্গ।

ক্র.নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩.	বিবিধ	কেন্দ্রে উক্ত দুইটি সেমিনার যথাযোগ্য ভাবে সম্পন্নের লক্ষ্যে অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন)

০২। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



খোন্দকার আজিম আহমেদ

এমডিএস (এমঅ্যান্ডডি)

ফোনঃ ৪১০৩


ই-মেইল: azim6486@gmail.com

নং- ০৫.০১.২৬৭২.০১৫.৯৯.০০২.১৭. ২১

তারিখঃ ১৮/১১/২০২০ খ্রিঃ।

বিতরণঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. এমডিএস (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
২. অনুষদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
৩. পিএস টু রেক্টর (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য), বিপিএটিসি, সাভার, ঢাকা।



খোন্দকার আজিম আহমেদ

এমডিএস (এমঅ্যান্ডডি)

